

📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১১৮৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ১১৮৪]

পর্ব-১৩: সাহু (ভুল) (كِتَابُ السَّهْوِ)

পরিচ্ছেদঃ ৪: সালাতে উভয় হাত উঠানো এবং হাম্দ (আলহামদুলিল্লা-হ) ও সানা পাঠ করা

بَابُ رَفْعِ الْيَدَيْنِ وَحَمْدِ اللَّهِ وَالثَّنَاءِ عَلَيْهِ فِي الصَّلَاةِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ بَزِيعٍ، قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْأَعْلَى بْنُ عَبْدِ الْأَعْلَى، قَالَ: حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ وَهُوَ ابْنُ عُمَرَ، عَنْ أَبِي حَازِمٍ، عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ، قَالَ: انْطَلَقَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، يُصَلِّحُ بَيْنَ بَنِي عَمْرِو بْنِ عَوْفٍ فَحَضَرَتِ الصَّلَاةُ، فَجَاءَ الْمُؤَذِّنُ إِلَى أَبِي بَكْرٍ، فَأَمَرَهُ أَنْ يَجْمَعَ النَّاسَ وَيُؤَمِّمَهُمْ، فَجَاءَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَخَرَقَ الصُّفُوفَ حَتَّى قَامَ فِي الصَّفِّ الْمُقَدَّمِ، وَصَفَّحَ النَّاسُ بِأَبِي بَكْرٍ لِيُؤَذِّنُوهُ بِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَكَانَ أَبُو بَكْرٍ لَا يَلْتَفِتُ فِي الصَّلَاةِ، فَلَمَّا أَكْثَرُوا عَلِمَ أَنَّهُ قَدْ نَابَهُمْ شَيْءٌ فِي صَلَاتِهِمْ، فَالْتَفَتَ فَإِذَا هُوَ بِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَأَوْمَأَ إِلَيْهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَيُّ كَمَا أَنْتَ، فَرَفَعَ أَبُو بَكْرٌ يَدَيْهِ فَحَمِدَ اللَّهَ وَأَثْنَى عَلَيْهِ لِقَوْلِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، ثُمَّ رَجَعَ الْقَهْقَرَى، وَتَقَدَّمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَصَلَّى، فَلَمَّا انْصَرَفَ، قَالَ لِأَبِي بَكْرٍ: مَا مَنَعَكَ إِذْ أَوْمَأْتُ إِلَيْكَ أَنْ تُصَلِّيَ، فَقَالَ أَبُو بَكْرٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: مَا كَانَ يَنْبَغِي لِابْنِ أَبِي قُحَافَةَ أَنْ يُؤَمَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، ثُمَّ قَالَ لِلنَّاسِ: مَا بَالُكُمْ صَفَّحْتُمْ إِنَّمَا التَّصْفِيحُ لِلنِّسَاءِ، ثُمَّ قَالَ: إِذَا نَابَكُمْ شَيْءٌ فِي صَلَاتِكُمْ فَسَبِّحُوا .

তখরিজ দারالدعوه: صحيح مسلم/الصلاة ২২ (২২১), مسند احمد ৫/৩৩২, (تحفة

الأشراف: ৪৭৩৩) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1184 - صحيح

বাংলা

১১৮৩. মুহাম্মাদ ইবনু আবদুল্লাহ ইবনু বাযী (রহ.) সাহল ইবনু সা'দ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বানু 'আমর ইবনু 'আওফে (কোন সংকট) মীমাংসা করার জন্যে গেলেন। এরপর সালাতের সময় হলে মুয়াযযিন আবু বাকর (রাঃ)-এর নিকট এসে সাহাবীগণকে একত্র করে তাদের ইমামাত করতে অনুরোধ করলেন। ইতোমধ্যে রাসূলুল্লাহ (সা.) এসে কাতার ফাঁক করে প্রথম সারিতে দাঁড়িয়ে গেলেন। সাহাবীগণ আবু বাকর (রাঃ)-কে রাসূলুল্লাহ (সা.) -এর আগমন সম্পর্কে জানানোর জন্যে হাতে তালি দিলেন। আবু বাকর (রাঃ) সালাতে (একাগ্রচিত্ততার কারণে) অন্যদিকে লক্ষ্য করতেন না। যখন হাত তালির মাত্রা বেড়ে গেল তিনি বুঝতে পারলেন যে, তাঁদের সালাতে কোন কিছু ঘটেছে। তিনি লক্ষ্য করে রাসূলুল্লাহ (সা.)- এর আসা সম্বন্ধে অবহিত হলেন। রাসূলুল্লাহ (সা.) তার দিকে ইশারা করলেন যে, তুমি নিজ অবস্থায় থাক। তখন আবু বাকর (রাঃ) রাসূলুল্লাহ (সা.) -এর এ কথার জন্যে তাঁর দু' হাত উত্তোলন পূর্বক আল্লাহ তা'আলার প্রশংসা ও তাঁর গুণগান করলেন এবং পিছু হটে গেলেন। রাসূলুল্লাহ (সা.) অগ্রসর হয়ে সালাত আদায় করালেন। সালাত সমাপ্ত করে তিনি আবু বাকর (রাঃ) -কে বললেন, আমি যখন তোমার প্রতি ইঙ্গিত করেছিলাম তখন তোমাকে সালাত আদায় করতে কিসে নিষেধ করেছিল? তিনি বললেন, ইবনু আবু কুহাফার (আবু বাকর) জন্যে রাসূলুল্লাহ (সা.) -এর সামনে ইমামতি করা সমীচীন ছিল না। এরপর রাসূলুল্লাহ (সা.) সাহাবীগণকে বললেন, তোমাদের কি হয়েছিল? তোমরা হাতে তালি দিচ্ছিলে কেন? হাতে তালি দেয়া তো মহিলাদের জন্যে। অতঃপর বললেন, যদি তোমাদের সালাতে কিছু ঘটে যায় তবে তোমরা তাসবীহ (সুবহানাল্লা-হ) পড়বে।

English

4. Raising The Hands, And Praising And Extolling Allah During The Prayer

It was narrated that Sahl bin Sa'd said: The Messenger of Allah (ﷺ) set out to bring about reconciliation among Banu 'Amr bin 'Awf. The time for prayer came, and the Mu'adhhdhin went to Abu Bakr to tell him to gather the people and lead them in prayer. Then the Messenger of Allah (ﷺ) came and passed through the rows until he stood in the first row. The people started clapping to let Abu Bakr know that the Messenger of Allah (ﷺ) had come. Abu Bakr never used to turn around when he prayed, but when they clapped consistently he realized something must have happened while they were praying. So he turned around and saw the Messenger of Allah (ﷺ). The Messenger of Allah (ﷺ) gestured to him to stay where he was. Abu Bakr raised his hands and praised and thanked Allah (SWT) for what the Messenger of Allah (ﷺ) had said. Then, he moved backwards, and the Messenger of Allah (ﷺ) went forward and prayed. When he finished, he said to Abu Bakr: 'What stopped you from continuing to pray when I gestured to

you?' Abu Bakr, may Allah (SWT) be pleased with him, said: 'It was not appropriate for the son of Abu Quhafah to lead the Messenger of Allah (ﷺ) in prayer.' Then he said to the people: 'Why did you clap?' Clapping is for women.' Then he said: 'If you notice something when you are praying, say SubhanAllah.'

ফুটনোট

সহীহ: বুখারী ৬৮৪, ১২৩৪; মুসলিম (১/১০২), (১/১০৩)। [দ্রঃ ৭৮৪, ৭৯৩]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=87577>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন